

অনুশীলনী পত্র-৩

শ্রেণি:ষষ্ঠ

বিষয়:বাংলা ১ম পত্র

অধ্যায়: চিন্তাশীল (আনন্দপাঠ)

তারিখ: ২২/১০/২০

সৃজনশীল প্রশ্নোত্তর লিখবে:

রনি ও বনি দুই বন্ধু। তারা ‘চিন্তাশীল’ নাটিকাটি নিয়ে কথা বলছিল। রনি বলল, পরিমিত চিন্তার বাইরে যারা একই বিষয় নিয়ে অস্তহীন ভাবনার সাগরে হাবুডুবু খায় তারা জীবনে কোনো উন্নতি করতে পারে না। বেশি চিন্তা করার কারণে তারা বাস্তব জগতের বাইরে চলে যায়। এমনকি অন্যকে বিব্রত করে। বনি রনির সাথে একমত হয়ে বলল যে, ‘চিন্তাশীল’ নাটকে নরহরি একজন মাত্রাতিরিক্ত চিন্তাশীল। তার এ মানসিকতা সবাইকে বিব্রতবোধে আচ্ছন্ন রাখে।

- ক. ‘চিন্তাশীল’ নাটিকার লেখকের নাম কী?
- খ. নরহরির মা কাশীবাসী হতে চায় কেন?
- গ. তোমার চেনা জানা কোনো একজন চিন্তাশীল ব্যক্তির বৈশিষ্ট্য তুলে ধর।
- ঘ. নরহরির মাত্রাতিরিক্ত চিন্তাশীলতার স্বরূপ বিশ্লেষণ কর।

নন্দ বাড়ির হত না বাহির,কোথা কী ঘটে কি জানি,
চড়িত না গাড়ি,কি জানি কখন উল্টায় গাড়িখানি।
নৌকা ফি-সন ডুবিছে ভীষণ,রেল কলিশন হয়,
হাঁটিলে সর্প,কুকুর আর গাড়ি চাপা পড়ার ভয়।
তাই শুয়ে শুয়ে কষ্টে বাঁচিয়া রহিল নন্দলাল,
সকলে বলিল,‘ভ্যালারে নন্দ বেঁচে থাক চিরকাল।’

- ক.‘চিন্তাশীল’ নাটিকার লেখকের নাম কী
- খ.‘আমি কাশীবাসী হবো।’-উক্তিটি দ্বারা কী বুঝানো হয়েছে?
- গ.যে দিক থেকে উদ্দীপকের নন্দের সাথে ‘চিন্তাশীল’ নাটিকার নরহরির সাদৃশ্য লক্ষ করা যায় তা ব্যাখ্যা কর।
- ঘ.‘শিশুদের সম্পর্কে নরহরির ভাবনা উদ্দীপকের অনুপস্থিত’ কথাটি ব্যাখ্যা কর।

সাহানা পারভীন সুমি